

পশুখাদ্য বিধিমালা, ২০১৩ এর আওতায় পশুখাদ্য আমদানিকারক বা রপ্তানিকারক বা সংরক্ষক বা বাজারজাতকারক (ক্যাটাগরি-২) এর লাইসেন্সের আওতায় পশুপুষ্টি উপকরণ, ভেটেরিনারী মেডিসিনাল প্রডাক্ট (ড্রাগ রেজিস্ট্রার্ড আইটেম), ভিটামিন ও মিনারেল প্রিমিক্স বিদেশ হতে আমদানি করে থাকে। এই ক্যাটাগরি-২ এর লাইসেন্সের জন্য নিম্নোক্ত কাগজপত্র প্রয়োজন হয়ঃ-

- আবেদনকারীর সত্যায়িত ছবি- ২(দুই) কপি।
- মানসম্মত সংরক্ষণাগার ও ধারণ ক্ষমতার বিবরণ
- প্যাকিং ও লেবেলিং ব্যবস্থাপনার বিবরণ।
- হালনাগাদ ট্রেড লাইসেন্স।
- হালনাগাদ আহকাব রেজিস্ট্রেশন সনদ।
- হালনাগাদ আমদানি লাইসেন্স।
- হালনাগাদ আয়কর পরিশোধ সনদ।

- কোড নং- ১-৪৪৪১-০০০০-২৬৮১ তে মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর বরাবর আবেদন ফরম ফি বাবদ-

- ১০০০/- (এক হাজার) এবং লাইসেন্স ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার ট্রেজারী চালান। - নবায়নের ক্ষেত্রে আবেদন ফি- বাবদ ১০০০ (এক হাজার) নবায়ন- ফি- বাবদ ৫০০০ (পাঁচ হাজার) টাকা এর ট্রেজারী চালান। অন লাইনে ([www.cga.gov.bd](http://www.cga.gov.bd).) হিসাব রক্ষণ অফিস কর্তৃক যাচাইকৃত সকল প্রকার চালানের কপি।

- আবেদন ফরম পূরণকরে কোম্পানি/প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে প্রয়োজনীয় কাগজপত্র দিয়ে মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর বরাবর আবেদন করতে হবে।

প্রাণিসম্পদ অধিদপ্তর বাণিজ্য নীতি, ২০১৫-১৮ এর সহিত সঙ্গতি রেখে এসআরও নং-২১৪-আইন/২০১৭/৫২/কাষ্টমস; ০১/০৭/২০১৭ তে উল্লেখিত পণ্যগুলি আমদানির অনাপত্তি সনদ প্রদান করে থাকে। যেমনঃ লাইমস্টোন, ডিডিজিএস, ফিস মিল, ভিটামিন মিনারেল প্রিমিক্স, ডিসিপি, এমসিপি, এনজাইমস, কক্লিডিওস্ট্যাট, পিলেট বাইন্ডার, টক্সিন বাইন্ডার, ভেজিটেবল ফ্যাট ইত্যাদি।

এই সনদ প্রদান কার্যক্রম প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক গঠিত ১৩ (তের) সদস্য বিশিষ্ট একটি কমিটি কর্তৃক যাচাই-বাছাই পূর্বক প্রতি ২০ দিন অন্তর অন্তর অনুষ্ঠিত সভার মাধ্যমে প্রদান করা হয়ে থাকে। এই কমিটিতে বেসরকারি পর্যায়ের ৪ (চার) জন সদস্য (এনিমেল হেলথ এসোসিয়েশন বাংলাদেশ, ফিড ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন, পোলট্রি ব্রিডার্স এসোসিয়েশন, বাংলাদেশ পোলট্রি ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন) অন্তর্ভুক্ত আছেন। পশুপুষ্টি উপকরণ আমদানির অনাপত্তি সনদ প্রদান সভার কার্যক্রম ও অনুমোদিত পণ্যের তালিকা প্রাণিসম্পদ অধিদপ্তর এর ওয়েব সাইটে নিয়মিত আপলোড করা হয়।